Notice

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

২৬ অগ্রহয়ণ, ১৪২৪

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.২৬.০৩১.১৭-**১৬৫** তারিখঃ---------------------

১০ ডিসেম্বর, ২০১৭

## সভার নোটিশ

"সরকারি খাতে পণ্য পরিবহনের জন্য জাহাজ ভাড়াকরণ বিধিমালা, ২০১৭" এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি এঁর সভাপতিত্বে আগামী ১৯-১২-২০১৭ তারিখ (মঙ্গলবার) বেলা ২-০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন-৬, কক্ষ নং-৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় এতদ্‌সংগে সংযুক্ত "সরকারি খাতে পণ্য পরিবহনের জন্য জাহাজ ভাড়াকরণ বিধিমালা, ২০১৭" এর খসড়ার উপর মতামতসহ যথাসময়ে উপস্থিত থাকার অথবা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১০.১২.২০১৭
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়,শিল্প ভবন, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
০৬। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
১৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১৪। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), শেরেবাংলা নগর, ঢাকা।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৬। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ঢাকা।
১৯। বর্তমান চার্টারিং কমিটি'র সকল সদস্য।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি খাতে পণ্য পরিবহনের জন্য জাহাজ ভাড়াকরণ বিধিমালা, ২০১৭

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

নৌপরিবহন মন্ত্রণালয়

৮৩৭-

# সরকারি খাতে পণ্য পরিবহনের জন্যে জাহাজ ভাড়াকরণ বিধিমালা, ২০১৭

## সূচীপত্র


| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | প্রেক্ষাপট | ১ |
| ২ | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন | ১ |
| ৩ | বিধিমালার উদ্দেশ্য | ১ |
| ৪ | বিধিমালার প্রয়োগ ও প্রযোজ্যতা | ২ |
| ৫ | সংজ্ঞা | ২ |
| ৬ | জাহাজ ভাড়া করার জন্যে সাধারণ বিধানাবলী | ৩ |
| ৭ | জাহাজ ভাড়া করার ক্ষেত্রে অনুসৃত নিয়মাবলী | ৪-৫ |
| ৮ | বিধিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন | ৬ |
| ৯ | GLOSSARY OF INTERNATIONAL SHIPPING TERMS | ৭-১২ |

# প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **প্রেক্ষাপট**

বাংলাদেশের জাতীয় উন্নয়নের জন্যে একটি দক্ষ সমুদ্রগামী জাহাজ চলাচল ব্যবস্থা থাকা অপিরিহার্য। জাহাজ চালনার সুদীর্ঘ ঐতিহ্য ও সমুদ্র যাত্রার সমৃদ্ধ অভিজ্ঞতার ভিত্তিতে কর্মসংস্থানের বৃহত্তর সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার এ খাতের উন্নয়নে আগ্রহী। আন্তর্জাতিক নৌপথে দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদানসহ সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখার উদ্দেশ্যে ১৯৭২ সনের ৫ ফেব্রুয়ারি তারিখে মহামান্য রাষ্ট্রপতির ১০নং আদেশবলে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়। যা বর্তমানে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ দ্বারা পরিচালিত হচ্ছে।

বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ৪নং ধারার ২(ক) উপধারা মোতাবেক জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেওয়া, দখলে রাখা বা হস্তান্তর করার ক্ষমতা বিএসসি'কে প্রদান করা হয়েছে। আইন প্রদত্ত ক্ষমতাবলে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি সরকারি খাতে বিভিন্ন পণ্য পরিবহনের নিমিত্ত জাহাজ ভাড়া করার সার্বিক কার্যক্রম বিএসসি অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে পরিচালনা করছে।

যেহেতু, বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর উদ্দ্যেশ্য পূরণকল্পে আন্তর্জাতিক ও দেশীয় নৌবাণিজ্য আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান চার্টারিং কমিটির Ground Rule যুগোপযোগী করে জাহাজ ভাড়াকরণ বিধিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়, সেহেতু বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর ২৮নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করা হলঃ

২। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

(১) এই বিধিমালা "সরকারি খাতে পণ্য পরিবহনের জন্য জাহাজ ভাড়াকরণ বিধিমালা, ২০১৭" নামে অভিহিত হবে।

(২) সরকার প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করবে সে তারিখ হতে ইহা বলবৎ হবে।

৩। **বিধিমালার উদ্দেশ্য**

(১) আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান।

(২) সরকারি খাতে পণ্য পরিবহনের জন্য জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত বর্তমান কার্যক্রমকে আরও অধিক স্বচ্ছ ও জবাবদিহি করে সুশৃঙ্খল এবং নিয়মতান্ত্রিক উপায়ে কাজ সম্পাদন করা।

(৩) জাতীয় শিপিং লাইনস পরিচালনা ও উন্নয়নে সহায়তা প্রদান।

## ৪। বিধিমালার প্রয়োগ ও প্রযোজ্যতা

সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত সংবিধিবদ্ধ সংস্থা বা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান কর্তৃক এফওবি (FREE ON BOARD) ভিত্তিতে পণ্য আমদানি চুক্তির আওতায় জাহাজ ভাড়া করার অর্পিত দায়িত্বের ক্ষেত্রে এ বিধিমালা প্রযোজ্য হবে।

৫। **সংজ্ঞা।**– বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকলে এ বিধিমালায়-

(১ ‘বিএসসি’ অর্থ বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন;

(২) ‘পণ্য’ অর্থ জাহাজে বাহিত মাল ;

(৩) ‘বিল অব লেডিং’ অর্থ জাহাজে প্রেরিত মাল নিরাপদে পৌঁছে দেয়ার শর্তে জাহাজ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতিপত্র/পরিবহনপত্র/চালান রসিদ;

(৪) ‘পরিশিষ্ট’ অর্থ এ বিধিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;

(৫) ‘চার্টার পার্টি (Charter Party)’ অর্থ জাহাজের ব্যবহার (ভাড়া ও পণ্য পরিবহন) সম্পর্কে জাহাজ মালিক ও জাহাজ ভাড়াকারীর (চার্টারার) মধ্যে সম্পাদিত লিখিত চুক্তি;

(৬) ‘শিপিং টার্ম’ অর্থ পরিশিষ্ট-১ এ উল্লিখিত GLOSSARY OF INTERNATIONAL SHIPPING TERMS এবং সরবরাহকারী ও ক্রয়কারীর মধ্যে সরবরাহকৃত চুক্তির ভিত্তিতে নির্ধারিত Shipping Terms;

(৭) ‘সরকারি খাতের আমদানিকারক’ অর্থ সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত সংবিধিবদ্ধ সংস্থা বা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান কর্তৃক আমদানি;

(৮) ‘শিপার (Shipper)’ অর্থ যে ব্যক্তি বা প্রতিষ্ঠান জাহাজযোগে পণ্যাদি প্রেরণের ব্যবস্থা করে;

(৯) ‘শিপ ব্রোকার (Ship Broker)’ অর্থ জাহাজ কোম্পানির যে প্রতিনিধি বন্দরে জাহাজের ব্যবসা দেখাশুনা করে, জাহাজ ভাড়া করে বা খাটায়;

(১০) ‘কনসাইনি (Consignee)’ অর্থ জাহাজযোগে প্রেরিত মালের প্রাপক;

(১১) ‘লে-ক্যান (Laycan)’ অর্থ পণ্য বোঝাই করার নিমিত্ত জাহাজ বন্দরে পৌঁছানোর নির্ধারিত সময়সীমা।

# দ্বিতীয় অধ্যায়

## জাহাজ ভাড়া করার জন্যে সাধারণ বিধানাবলী

৬। এফওবি (FREE ON BOARD) ভিত্তিতে পণ্য আমদানি চুক্তির আওতায় সরকারি খাতের আমদানিকারক (চার্টারার) কর্তৃক জাহাজ ভাড়া করার প্রস্তাব সংবলিত চাহিদাপত্র শিপমেন্টের লে-ক্যান শুরু হওয়ার ন্যূনতম ২৮ (আঠাশ) দিন পূর্বে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর নিকট প্রেরণ করতে হবে।

৭। জাহাজ ভাড়া করার জন্যে প্রস্তাব সংবলিত চাহিদাপত্র প্রাপ্তির পর বাংলাদেশ শিপিং কর্পোরেশন আমদানিকারক (চার্টারার) এর স্বার্থ সংশ্লিষ্টতা বিবেচনাপূর্বক পিপিএ-২০০৬ ও পিপিআর- ২০০৮ এবং আন্তর্জাতিক ও দেশিয় নৌবাণিজ্য আইন-বিধিমালার আলোকে একটি গ্রহণযোগ্য ও বাস্তবভিত্তিক জাহাজ ভাড়ার দরপত্র দলিল চূড়ান্ত করবে।

৮। দরপত্র দলিলের কোন শর্ত পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন বিষয়ে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র নিকট প্রেরণ করতে হবে। উক্ত কমিটি বিরোধপূর্ণ বিষয়টি নিষ্পত্তি করার নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থার সাথে আলোচনাক্রমে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করতে পারবে। কমিটি প্রযোজ্য ক্ষেত্রে CPTU এর মতামত গ্রহণ করতে পারে।

৯। জাহাজ ভাড়া করার ক্ষেত্রে অর্পিত ক্রয়কার্য সম্পাদনের জন্যে বিএসসি'কে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রেগুলাশন, ২০০৮ এবং ক্ষেত্রমত, আন্তর্জাতিক ও দেশীয় আইন, বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০। জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত অর্পিত ক্রয়কার্য সম্পাদনের জন্যে বিএসসি কর্তৃপক্ষ ক্রয়কারী হিসেবে কাজ করবে এবং আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুসরণক্রমে জাহাজের মাধ্যমে পণ্য পরিবহন ভাড়ার অনুমোদন প্রদান, চার্টারার এর পক্ষে জাহাজ ভাড়ার চুক্তি (চার্টার পার্টি) সম্পাদন, চুক্তি পরিচালনা ও ভাড়াকৃত জাহাজের মাধ্যমে পণ্য পরিবহন সংশ্লিষ্ট কার্য বাস্তবায়ন তদারকি করবে।

১১। সম্পাদিত চুক্তির (চার্টার পার্টি) অধীন সরকারি খাতে আমদানিকৃত পণ্য খালাস ও আমদানীকারক কর্তৃক পণ্য বুঝে নেয়া শেষে চার্টার পার্টির শর্ত মোতাবেক অর্পিত ক্রয়কার্য সমাপ্ত হয়েছে মর্মে গণ্য হবে।

১২। আন্তর্জাতিক শিপিং নিয়মাবলী/অনুশীলন এর আওতায় জাহাজ ভাড়াকরণ কাজ সম্পাদনের ক্ষেত্রে বিএসসি ২.৫% (দুই দশমিক পাঁচ শতাংশ) এড্রেস কমিশন এবং জ্বালানী পণ্য পরিবহনে সার্ভিস চার্জ ৫% (পাঁচ শতাংশ) হারে প্রাপ্য হবে।

১০৬

# তৃতীয় অধ্যায়

## জাহাজ ভাড়া করার ক্ষেত্রে অনুসৃত নিয়মাবলী

১৩। জাহাজ ভাড়াকরণ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিএসসি যথাযথ প্রক্রিয়া অনুসরণক্রমে বছর ভিত্তিক দেশি ও বিদেশি যোগ্যতাসম্পন্ন নতুন শিপ ব্রোকার তালিকাভুক্তিকরণ ও পুরাতন শিপ ব্রোকার এর তালিকা নবায়নপূর্বক প্রতি বছর হালনাগাদ তালিকা সংরক্ষণ করবে। তালিকাভুক্তিকরণ ফি ন্যূনতম মা.ড. ১,০০০ অথবা সমপরিমান স্থানীয় মুদ্রা এবং নবায়ন ফি ন্যূনতম মা.ড. ৫০০ অথবা সমপরিমান স্থানীয় মুদ্রা (অফেরতযোগ্য) নির্ধারণ করা যেতে পারে।

১৪। আমদানিকারক (চার্টারার) কর্তৃক জাহাজ ভাড়াকরণ প্রস্তাব সংবলিত চাহিদাপত্র প্রাপ্তির পর কার্গো লিফটিং এর লে-ক্যান বিবেচনায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে আন্তর্জাতিক উম্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) বা আন্তর্জাতিক সীমিত দরপত্র পদ্ধতি (LTM) বা সুবিধাজনক উপযুক্ত পদ্ধতির মাধ্যমে বিএসসি জাহাজ ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি আহবান করবে।

১৫। পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর আলোকে আর্থিক প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ কমিটি, দরপত্র উম্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠিত হবে।

১৬। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ কমিটি আন্তর্জাতিক বাজারে জাহাজ ভাড়ার হালনাগাদ তথ্য-উপাত্ত, জ্বালানি মূল্য, জাহাজ পরিচালনা খাতে দৈনিক নিশ্চিত ব্যয় (এফওসি), জ্বালানি খরচ, বন্দর খরচ, সরকারি করাদি ও আনুষংগিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করে সকল সদস্যের স্বাক্ষরযুক্ত জাহাজ ভাড়ার দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (অনুমোদনকারীর স্বাক্ষরসহ) সিলগালা করে রাখবে, যা দরপত্র উম্মুক্তকরণ কমিটির নিকট দরপত্র খোলার প্রাক্কালে হস্তান্তর করবে এবং দরপত্র উম্মুক্তকরণ কমিটির সভায় দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ঘোষণাপূর্বক দরপত্র উম্মুক্তকরণ সিটে উহা লিপিবদ্ধ করবে।

১৭। পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করে আর্থিক প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন ও সুপারিশ প্রণয়ন করবে।

১৮। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চার্টারার (পণ্য আমদানিকারক) এর পক্ষে বিএসসি নির্ধারিত সময়ে জাহাজ ভাড়াকরণ চুক্তি (চার্টার পার্টি) সম্পাদন করাসহ আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে এবং চুক্তি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৯। বিদেশি জাহাজ মালিক/প্রিন্সিপাল অথবা তাঁর পক্ষে দর প্রস্তাবকারী স্থানীয় ব্রোকার যদি দরপত্র দলিল বা চুক্তির (চার্টার পার্টি) শর্ত মোতাবেক কর্মসম্পাদন করতে ব্যর্থ হয় বা চুক্তি লংঘন করে বা দরপত্র প্রক্রিয়ায় কোনরূপ প্রতারণা বা জালিয়াতির আশ্রয় নিয়ে কর্মকান্ড পারচালনা করে বা এরুপ কর্মকান্ড পরিচালনা করছে মর্মে প্রমাণ পাওয়া যায় তাহলে ক্রয়কারী কার্যালয় চুক্তি মোতাবেক উক্ত অভিযুক্ত ব্রোকার বা প্রিন্সিপ্যাল এর বিরূদ্ধে সংশ্লিষ্ট দরপত্র দলিল/চার্টার পার্টি, পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিক ও দেশীয় আইন, বিধি-বিধান এর আলোকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২০। জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত চুক্তি বাস্তবায়নে চার্টারার ও জাহাজ মালিকের মধ্যে কোন বিরোধ দেখা দিলে উভয় পক্ষ পারস্পরিক আলোচনার মাধ্যমে তা নিস্পত্তি করতে পারবে। এ প্রচেষ্টা ব্যর্থ হলে তা বাংলাদেশ আর্বিট্রেশন এ্যাক্ট-২০০১ এর মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। চার্টারার (পণ্য আমদানিকারক) এর পক্ষে বিএসসি মামলা পরিচালনার যাবতীয় কার্যক্রম সম্পাদন করবে। মামলা পরিচালনার ব্যয় বাবদ প্রযোজ্য আইন খরচ/ফি চার্টারার যথাসময়ে বিএসসিকে পরিশোধ করবে।

২১। আন্তর্জাতিক বাজারে জাহাজ ভাড়ার হালনাগাদ তথ্যাবলি, বাংকার এর মূল্য, জাহাজ পরিচালনা খাতে দৈনিক নিশ্চিত ব্যয় (এফওসি), জাহাজ পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন রুটের অপারেশনাল খরচ, জ্বালানি খরচ, বন্দর খরচ ও শিপিং সংশ্লিষ্ট তথ্যাবলি বিএসসি নিয়মিত সংরক্ষণ করবে। এতদুদ্দেশ্যে বিএসসি ওয়ার্ল্ড স্কেল এসোসিয়েশন এর মেম্বারশিপ বলবৎ রাখাসহ শিপিং তথ্য সরবরাহকারী বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মেম্বারশিপ (Subscription) বিএসসি বজায় রাখবে। এছাড়াও ওয়ার্ল্ড স্কেল সিডিউল বই ক্রয়সহ নৌবাণিজ্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক জার্নাল, প্রকাশনা ও প্রয়োজনীয় বই ক্রয় করার কাজ বিএসসি অব্যাহত রাখবে। উক্ত খাতের জন্যে বিএসসি প্রয়োজনীয় আর্থিক সংস্থান রাখবে।

২২। বিদেশি জাহাজ মালিক/প্রিন্সিপাল এর গ্রহণযোগ্যতা, ব্যবসায়িক প্রোফাইল, আর্থিক সক্ষমতা, জাহাজ পরিচালনা করার সক্ষমতা ইত্যাদি যাচাই করার প্রয়োজনীয়তা দেখা দিলে বিএসসি তা যুক্তরাজ্যের মেসার্স এমআরসি বিজনেস ইনফরমেশন লিঃ/বিএসসি’র পিএন্ডআই বীমাকারি বা বীমা ব্রোকারের নিকট থেকে রিপোর্ট সংগ্রহ করে সরবরাহ করবে।

# চতুর্থ অধ্যায়

## ২৩। বিধিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন

অভিজ্ঞতার ধারাবাহিকতা এবং গভীরতা অর্জনের পরিক্রমায় সরকার সময়ে সময়ে জাহাজ ভাড়াকরণ বিধিমালার উপরোক্ত শর্তাবলি পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করার অধিকার সংরক্ষণ করে। সরকারের প্রচলিত বিধি-বিধানের সাথে এ বিধিমালার কোন অনুচ্ছেদ প্রয়োগে বা অনুসরণে বিরোধ দেখা দিলে সেক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় আলোচ্য বিধিমালা ব্যবহারকারী সংস্থা বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এর সাথে আলোচনাক্রমে প্রযোজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করতে পারবে। বর্ণিত বিধিমালার সংশোধনীটি প্রজ্ঞাপনের মাধ্যমে গেজেট আকারে প্রকাশের তারিখ হতে কার্যকর হবে।

২৪। সরকারি খাতে পণ্য পরিবহনের জন্যে জাহাজ ভাড়াকরণ সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারিকৃত অফিস স্মারক/চার্টারিং কমিটির Ground Rule এতদ্দ্বারা রহিত করা হল।

4UD-

# GLOSSARY OF INTERNATIONAL SHIPPING TERMS

| TERMS | DEFINITION |
|---|---|
| ADDENDUM | ADDITIONAL CHARTERING TERMS AT THE END OF A CHARTER PARTY. |
| ARBITRATION | METHOD OF SETTLING DISPUTES WHICH IS USUALLY BINDING ON PARTIES. A CLAUSE USUALLY IN A CHARTER PARTY. |
| ARRIVAL NOTICE | AN ADVICE THAT THE CARRIER OR FORWARDER SENDS TO THE CONSIGNEE ADVISING OF GOODS COMING FORWARD FOR DELIVERY. PERTINENT INFORMATION SUCH AS BILL OF LADING NUMBER, CONTAINER NUMBER AND TOTAL CHARGES DUE FROM CONSIGNEE ETC, ARE INCLUDED AND SENT TO CONSIGNEE PRIOR TO VESSEL ARRIVAL. THIS IS DONE GRATUITOUSLY BY THE CARRIER OR FORWARDER TO ENSURE SMOOTH DELIVERY BUT THERE IS NO OBLIGATION BY THE CARRIER OR THE FORWARDER TO DO SO. THE RESPONSIBILITY TO MONITOR THE TRANSIT AND PRESENT HIMSELF TO TAKE TIMELY DELIVERY STILL RESTS WITH THE CONSIGNEE. |
| AGROUND | TOUCHING OR FAST TO THE BOTTOM |
| BAREBOAT CHTR/ BAREBOAT CHARTER | OWNERS LEASE A SPECIFIC SHIP AND CONTROL ITS TECHNICAL MANAGEMENT AND COMMERCIAL OPERATIONS ONLY. CHARTERERS TAKE OVER ALL RESPONSIBILITY FOR THE OPERATION OF THE VESSEL AND EXPENSES FOR THE DURATION. |
| BEAM | THE MAXIMUM BREADTH OR THE GREATEST WIDTH OF A SHIP |
| BENDS | BOTH ENDS (LOAD & DISCHARGE PORTS) |
| BL | (BILL OF LADING) A DOCUMENT SIGNED BY THE CARRIER WHICH ACTS AS A CONTRACT OF AFFREIGHTMENT, A RECEIPT AND EVIDENCE OF TITLE TO THE CARGO. |
| BIMCO | THE BALTIC AND INTERNATIONAL MARITIME COUNCIL |
| BERTH | THE PLACE BESIDE A PIER, QUAY OR WHARF WHERE A VESSEL CAN BE LOADED OR UNLOADED. |
| BILL OF LADING (B/L) | THE OFFICIAL LEGAL DOCUMENT REPRESENTING OWNERSHIP OF CARGO. IT IS A NEGOTIABLE DOCUMENT CONFIRMING THE RECEIPT OF CARGOES, AND THE CONTRACT FOR THE CARRIAGE OF CARGOES BETWEEN THE SHIPPER AND THE CARRIER. |
| BROKER | AN INDIVIDUAL, PARTNERSHIP OR CORPORATION WHICH ARRANGES TRANSPORTATION SERVICE FOR CLIENT COMPANIES. |
| BREAK-BULK CARGO | GOODS SHIPPED LOOSE IN THE VESSEL HOLD AND NOT IN A CONTAINER. |
| BULK CARRIERS | A VESSEL CARRYING DRY, LIQUID, GRAIN, NOT PACKAGED, BUNDLED OR BOTTLED CARGO, AND IS LOADED WITHOUT MARKS AND NUMBER OR COUNT. |

| TERMS | DEFINITION |
|---|---|
| BUNKERS | HEAVY OIL USED AS FUEL FOR OCEAN VESSELS. |
| CARGO MANIFEST | A MANIFEST THAT LISTS ONLY CARGOES, WITHOUT FREIGHT AND CHARGES. |
| CARRIER | ANY INDIVIDUAL, COMPANY OR CORPORATION ENGAGED IN TRANSPORTING CARGOES. |
| CONGESTION | PORT/BERTH DELAYS |
| C/SNEE CONSIGNEE | NAME OF AGENT, COMPANY OR PERSON RECEIVING CONSIGNMENT |
| CHOPT | CHARTERERS OPTION |
| CP (OR C/P) | CHARTER PARTY |
| DEADWEIGHT TONNAGE (D/W) | THE NUMBER OF TOTAL WEIGHT TONS OF CARGOES, STORES AND BUNKER FUEL THAT A VESSEL CAN CARRY AND TRANSPORT. IT IS THE DIFFERENCE BETWEEN THE NUMBER OF TONS OF WATER A VESSEL DISPLACES "LIGHT" AND THE NUMBER OF TONS IT DISPLACES WHEN SUBMERGED TO THE "LOAD LINE." |
| DETENTION (DEMURRAGE) | CHARGES RAISED BY THE CARRIER OR THE FORWARDER FOR DETAINING CONTAINER/TRAILER AT CUSTOMER PREMISES FOR A PERIOD LONGER THAN THAT PROVIDED IN THE TARIFF OF THE CARRIER OR THE FORWARDER. |
| DIVERSION | A CHANGE MADE IN THE ROUTE OF A SHIPMENT IN TRANSIT. |
| DESTINATION | THE PLACE WHERE THE CARRIER OR THE FORWARDER ACTUALLY TURNS OVER THE CARGO OR CONTAINER TO CONSIGNEE OR HIS AGENT. IT MAY ALSO BE TERMED “FINAL DESTINATION”. |
| DRY DOCK | AN ENCLOSED BASIN INTO WHICH A SHIP IS TAKEN FOR UNDERWATER CLEANING AND REPAIRING. IT IS FITTED WITH WATERTIGHT ENTRANCE GATES WHICH WHEN CLOSED PERMIT THE DOCK TO BE PUMPED DRY. |
| DRAUGHT (OR DRAFT) | DEPTH TO WHICH A SHIP IS IMMERSED IN WATER. THE DEPTH VARIES ACCORDING TO THE DESIGN OF THE SHIP AND WILL BE GREATER OR LESSER DEPENDING NOT ONLY ON THE WEIGHT OF THE SHIP AND EVERYTHING ON BOARD, BUT ALSO ON THE DENSITY OF THE WATER IN WHICH THE SHIP IS LYING. |
| DUNNAGE | MATERIALS OF VARIOUS TYPES, OFTEN TIMBER OR MATTING, PLACED AMONG THE CARGO FOR SEPARATION, AND HENCE PROTECTION FROM DAMAGE, FOR VENTILATION AND, IN THE CASE OF CERTAIN CARGOES, TO PROVIDE SPACE IN WHICH THE TYNES OF A FORK LIFT TRUCK MAY BE INSERTED. |
| ETA | ESTIMATED TIME OF ARRIVAL OF CARRIERS. |
| ETD | ESTIMATED TIME OF DEPARTURE OF CARRIERS. |
| ETS | ESTIMATED TIME OF SAILING |

| TERMS | DEFINITION |
|---|---|
| FDD | FREIGHT DEMURRAGE DEADFREIGHT |
| FOB | FREE ON BOARD. IT IS AN INCOTERMS TERM OF SALE WHERE THE SELLER OF THE CARGOES ARE RESPONSIBLE FOR ALL CHARGES OF THE TRANSPORTATION OF THE CARGOES ALL THE WAY UP TO THEIR ARRIVAL ON BOARD THE SHIP. IT INCLUDES ALL CHARGES OF CARRIERS OR FORWARDERS LEVIED AT THE PORT OF LOADING. |
| FINAL DESTINATION | THE PLACE WHERE THE CARRIER OR THE FORWARDER ACTUALLY TURNS OVER THE CONTAINER OR CARGO TO THE CONSIGNEE OF ITS AGENT. IT IS THE END OF LIABILITY OF CARRIERS OR FORWARDERS. |
| FORCE MAJEURE | FORCE OF NATURE. ACCIDENTS OR INCIDENTS CAUSED BY THE FORCE OF NATURE WHICH ARE BEYOND THE POWER OF PEOPLE TO CONTROL. |
| FREIGHT | (A) THE PRICE PAID TO THE CARRIER FOR THE TRANSPORTATION OF GOODS OR MERCHANDISE BY SEA OR AIR FROM ONE PLACE TO ANOTHER. (B) FREIGHT IS ALSO USED TO DENOTE GOODS WHICH ARE IN THE PROCESS OF BEING TRANSPORTED FROM ONE PLACE TO ANOTHER. |
| FREIGHT PREPAID | FREIGHT AND CHARGES ARE REQUIRED TO BE PAID BY A SHIPPER BEFORE AN ORIGINAL BILL OF LADING IS RELEASED. |
| FREIGHT COLLECT | THE FREIGHT AND CHARGES AGREED BY THE SHIPPER AND CARRIER IS PAYABLE AT DESTINATION. |
| FENDER | A CUSHION, PLACED BETWEEN SHIPS, OR BETWEEN A SHIP AND A PIER, TO PREVENT DAMAGE. |
| FHEX | FRIDAYS/HOLIDAYS EXCLUDED |
| FILO | FREE IN/LINER OUT. SEAFREIGHT WITH WHICH THE SHIPPER PAYS LOAD COSTS AND THE CARRIER PAYS FOR DISCHARGE COSTS. |
| FIO | FREE IN/OUT. FREIGHT BOOKED FIO INCLUDES THE SEAFREIGHT, BUT NO LOADING/DISCHARGING COSTS, I.E. THE CHARTERER PAYS FOR COST OF LOADING/DISCHARGING CARGO. |
| FIOS | FREE IN/OUT STOWED. AS PER FIO, BUT EXCLUDES STOWAGE COSTS. |
| FHINC | FRIDAYS/HOLIDAYS INCLUDED |
| FIOST | FREE IN/OUT AND TRIMMED. CHARTERER PAYS FOR COST OF LOADING/DISCHARGING CARGO, INCLUDING STOWAGE AND TRIMMING. |
| FIOT | FREE IN/OUT AND TRIMMED. AS PER FIOS BUT INCLUDES TRIMMING, E.G. THE LEVELLING OF BULK CARGOES. FIOS INCLUDES SEAFREIGHT, BUT EXCLUDES LOADING/ DISCHARGING AND STOWAGE COSTS. |
| FLT | FULL LINER TERMS |
| FOFFER | FIRM OFFER |

| TERMS | DEFINITION |
|---|---|
| FIXING | CHARTERING A VESSEL |
| FIXTURE | CONCLUSION OF SHIPBROKERS NEGOTIATIONS TO CHARTER A SHIP - AN AGREEMENT |
| FRUSTRATION | CHARTERERS WHEN CANCELLING AGREEMENT SOMETIMES QUOTE 'DOCTRINE OF FRUSTRATION' I.E. VESSEL IS LOST, EXTENSIVE DELAYS. |
| FUMIGATION | TREATMENT OF CARGOES WITH A PESTICIDE-ACTIVE INGREDIENT THAT IS A GAS UNDER TREATMENT CONDITIONS. IT IS A PROCESS REQUIRED BY MANY IMPORTING COUNTRIES FOR THE IMPORTATION OF WOOD AND RELATED PRODUCTS.<br>GENERAL AVERAGE |
| GNCN | GENCON (GENERAL CONDITIONS) |
| GENERAL AVERAGE | GENERAL AVERAGE IS AN UNWRITTEN, NON-STATUTORY, INTERNATIONAL MARITIME LAW WHICH IS UNIVERSALLY RECOGNIZED AND APPLIED. IT IS FOUNDED ON THE PRINCIPLE THAT VESSEL AND GOODS ARE PARTIES TO THE SAME VENTURE AND SHARE EXPOSURE TO THE SAME PERILS, WHICH MAY REQUIRE SACRIFICE OR THE INCURRING OF EXTRAORDINARY EXPENSE ON THE PART OF ONE FOR THE BENEFIT OF THE WHOLE VENTURE. IT IS AN ARRANGEMENT WHICH WILL BE APPLIED WHEN THE VESSEL IS ENCOUNTERING SERIOUS ACCIDENTS CAUSED BY FORCE MAJEURE. |
| GROSS TONNAGE | APPLIES TO VESSELS, NOT TO CARGO. DETERMINED BY DIVIDING BY 100 THE CONTENTS, IN CUBIC FEET, OF THE VESSEL'S CLOSED-IN SPACES. A VESSEL TON IS 100 CUBIC FEET. |
| HAGUE RULES | 1924 INTERNATIONAL CONVENTION ON CARRIAGE OF GOODS BY SEA. THESE RULES GOVERN LIABILITY FOR LOSS OR DAMAGE TO GOODS CARRIED BY SEA UNDER A BILL OF LADING. |
| HAMBURG RULES | IN MARCH 1978 AN INTERNATIONAL CONFERENCE IN HAMBURG ADOPTED A NEW SET OF RULES (THE HAMBURG RULES), WHICH RADICALLY ALTER THE LIABILITY WHICH SHIP-OWNERS HAVE TO BEAR FOR LOSS OR DAMAGE TO GOODS IN THE COURTS OF THOSE NATIONS WHERE THE RULES APPLY. |
| HATCH | THE OPENING IN THE DECK OF A VESSEL WHICH GIVES ACCESS TO THE CARGO HOLD. |
| IMDG CODE | INTERNATIONAL MARITIME DANGEROUS GOODS CODE. THE IMCO RECOMMENDATIONS FOR THE CARRIAGE OF DANGEROUS GOODS BY SEA. |
| IMO | INTERNATIONAL MARITIME ORGANIZATION |
| KNOT | A MEASUREMENT OF SPEED EQUAL TO ONE NAUTICAL MILE (6,076 FEET) PER HOUR |
| LAYCAN | LAYCAN (LAYDAY CANCELLING DATE) |

| TERMS | DEFINITION |
| --- | --- |
| LAYTIME | TIME AT CHARTERERS DISPOSAL FOR PURPOSE OF LOADING/DISCHARGING |
| L/C | LETTER OF CREDIT |
| LIEN | A LEGAL CLAIM UPON GOODS FOR THE SATISFACTION OF SOME DEBT OR DUTY. |
| LIGHTER | AN OPEN OR COVERED BARGE TOWED BY A TUGBOAT AND USED MAINLY IN HARBORS AND INLAND WATERWAYS. |
| LIGHTERAGE | REFERS TO THE CARRIAGE OF CARGOES BY LIGHTER AND THE CHARGE ASSESSED THEREFORE. |
| LINER | VESSELS PLYING A REGULAR TRADE/DEFINED ROUTE AGAINST A PUBLISHED SAILING SCHEDULE. |
| LINER TERMS | FREIGHT INCLUDES THE COST OF LOADING ONTO AND DISCHARGING FROM THE VESSEL. |
| LLOYDS' REGISTRY | AN ORGANIZATION MAINTAINED FOR THE SURVEYING AND CLASSING OF SHIPS SO THAT INSURANCE UNDERWRITERS AND OTHERS MAY KNOW THE QUALITY AND CONDITION OF THE VESSELS OFFERED FOR INSURANCE OR EMPLOYMENT. |
| LS (OR LUMPS) | LUMPSUM FREIGHT. MONEY PAID TO SHIPPER FOR A CHARTER OF A SHIP (OR PORTION) UP TO STATED LIMIT IRRESPECTIVE OF QUANTITY OF CARGO |
| M/V | MOTOR VESSEL / MERCHANT VESSEL |
| MARINE INSURANCE | BROADLY, INSURANCE COVERING LOSS OR DAMAGE OF GOODS AT SEA. MARINE INSURANCE TYPICALLY COMPENSATES THE OWNER OF MERCHANDISE FOR LOSSES SUSTAINED FROM FIRE, SHIPWRECK, PIRACY AND VARIOUS OTHER CAUSES BUT EXCLUDES LOSSES THAT CAN BE LEGALLY RECOVERED. |
| MARITIME | BUSINESS PERTAINING TO COMMERCE OR NAVIGATION TRANSACTED UPON THE SEA OR IN SEAPORTS IN SUCH MATTERS AS THE COURT OF ADMIRALTY HAS JURISDICTION OVER. |
| NEGOTIABLE BILL OF LADING | ORIGINAL BILL OF LADING ENDORSED BY SHIPPER THAT IS USED FOR NEGOTIATING WITH BANKS. |
| NON-NEGOTIABLE BILL OF LADING | COPY OF ORIGINAL BILL OF LADING WHICH CANNOT BE NEGOTIATED WITH BANKS. |
| NEGOTIATING BANK | A BANK NAMED IN THE CREDIT; EXAMINES THE DOCUMENTS AND CERTIFIES TO THE ISSUING BANK THAT THE TERMS ARE COMPLIED WITH. |
| NET TONNAGE | A VESSEL'S GROSS TONNAGE MINUS DEDUCTIONS OF SPACE OCCUPIED BY ACCOMMODATION FOR CREW, BY MACHINERY, FOR NAVIGATION, BY THE ENGINE ROOM AND FUEL. A VESSEL'S NET TONNAGE EXPRESSES THE SPACE AVAILABLE FOR PASSENGERS AND CARGOES. |

| TERMS | DEFINITION |
|---|---|
| NOR | Notice of Readiness |
| NYPE | New York Produce Exchange |
| P&I | Protection and Indemnity Insurance |
| PILOT | A PERSON WHOSE OFFICE OR OCCUPATION IS TO STEER SHIPS, PARTICULARLY ALONG A COAST OR INTO AND OUT OF A HARBOR. |
| RECAP | Recapitulation of the terms and conditions agreed |
| SEAWORTHINESS | Statement of condition of the vessel (valid certificates, fully equipped and manned etc.) |
| SF | Stowage Factor. Cubic space (measurement tonne) occupied by one tonne (2,240 ibs/1,000 kgs) of cargo |
| SOF | Statement of Facts |
| SEAFREIGHT | Costs charged for transporting goods over the sea. This does not cover haulage or loading/discharging costs but the sea transport only |
| SHIP OWNER | ONE OF THE PERSONS IN WHOM THE TITLE OF PROPERTY OF A SHIP OR SHIPS IS VESTED. |
| SHIPPER | THE PERSON FOR WHOM THE OWNERS OF A SHIP AGREE TO CARRY GOODS TO A SPECIFIED DESTINATION AND AT A SPECIFIED PRICE. ALSO CALLED "CONSIGNOR". THE CONDITIONS UNDER WHICH THE TRANSPORTATION IS EFFECTED ARE STIPULATED IN THE BILL OF LADING. |
| STOWAGE | A MARINE TERM REFERRING TO LOADING FREIGHT INTO THE SHIPS' HOLDS |
| TIME CHARTER, (TC) | A CHARTER PARTY HIRING A VESSEL FOR A SPECIFIED PERIOD OF TIME IN WHICH THE SHIP OWNER PROVIDES THE VESSEL, BUNKERS AND CREW WHILE THE CHARTERER SUPPLIES THE CARGO |
| TIME BAR | TIME AFTER WHICH LEGAL CLAIMS WILL NOT BE ENTERED |
| VOYAGE CHARTER (VC) | A CHARTER PARTY HIRING A VESSEL FOR A PARTICULAR VOYAGE IN WHICH THE SHIPOWNER PROVIDES THE VESSEL, BUNKERS AND CREW WHILST THE CHARTERER SUPPLIES THE CARGOES. |